

ONLINE CLASS FOR CBCS II SEMISTER

বিষয়- ছন্দ

আজকের পাঠ- দল

তারিখ- ০২-০৪-২০২০

ড. অসীম দত্ত

বিভাগীয় প্রধান

বাংলা বিভাগ

বালুরঘাট মহিলা মহাবিদ্যালয়

ছন্দের সংজ্ঞা দিতে গিয়ে পবিত্র সরকার বলেছেন—

-ছন্দ হল ভাষার ধ্বনি ও নৈশব্দের, উচ্চারণ আর বিরামের, সুশৃঙ্খল ও আবর্তনময় বিন্যাস।

বলাবাহুল্য যে এই সুশৃঙ্খল আবর্তনময় বিন্যাস কেবলমাত্র পদ্যে বা ছন্দোবদ্ধ রচনায় লক্ষ করা যায়। আর এই ছন্দের অভাবই গদ্যকে গদ্যের চেহারা দেয়।

তাই ছন্দের আলোচনায় যে বিষয়গুলি বিশেষ গুরুত্ব পূর্ণ
সেগুলি হল

দল, মাত্রা, কলা, ছেদ ও যতি, পর্ব, পদ, চরণ, স্তবক ইত্যাদি

আজ আমরা দল নিয়ে আলোচনা করব।

দল —

দলের সংজ্ঞা দিতে গিয়ে পবিত্র সরকার মহাশয় বলেছেন—

বাগ্‌যন্ত্রগুলির সম্মিলিত প্রযত্নে একবারে উচ্চারিত ভাষাখণ্ড।

অর্থাৎ নিঃশ্বাসের একধাক্কায় যেটুকু পরিমাণ ধ্বনি বা ধ্বনিগুচ্ছ উচ্চারিত হয় তাই দল। বলাবাহুল্য যে বাংলা ছন্দের ভিত্তি উচ্চারণ নির্ভর। তাই ছন্দের নির্ভর লিখিত ভাষা নয়, উচ্চারিত ভাষা।

নিম্নে কয়েকটি শব্দের দল বিশ্লেষণ করে দেওয়া হল)


বালুরঘাট	- বা-লূর-ঘাট	তিনটি দল
মহিলা—	ম—হি—লা	তিনটি দল
ডানলপ	ডান—লপ	দুটি দল
আকাশ	আ—কাশ	দুটি দল
বই	বই	একটি দল
করোনা	ক—রো—না	তিনটি দল
অনুপস্থিত	অ—নু—পস—থিত	চারটি দল

এবার দল বা সিলেবল্ এর গঠনটি বোঝার প্রচেষ্টা করা যেতে পারে।

প্রত্যেক দলের কেন্দ্রে একটি করে পূর্ণস্বর থাকে। পূর্ণস্বরটিকে বলে চূড়া বা Peak । বলাবাহুল্য যে পূর্ণস্বর ছাড়া কোনো দল হতে পারে না।

এই চূড়ার বা Peak এর আগে থাকতে পারে এক বা একাধিক ব্যঞ্জন যার নাম আরম্ভাংশ বা Onset ।

চূড়া বা পূর্ণস্বরের পর থাকতে পারে এক বা একাধিক ব্যঞ্জন বা অর্ধস্বর। একে বলে শেষাংশ বা Coda.



এরপর কতগুলি শব্দ বিশ্লেষণ করে দলের গঠনটি বুঝে নেওয়ার প্রয়াস করব

শব্দ	দল বিশ্লেষণ	Onset	Peak	Coda	দলের সংখ্যা
রাই	রাই	র	আ	ই	১
প্রাণ	প্রাণ	প্র	আ	ণ	১
রাম	রাম	র	আ	ম	১
আকাশ	আ কাশ	ক	আ আ	শ	২
মুক্ত দল	মুক ত দল	মু ত দ	উ অ অ	ক ল	৩